# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

## আইসিটি বিভাগ

তারিখ: ০৬-০৬-২০২৩

**বিষয়ঃ ইনোভেশন কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী**

উপব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব পারভীন আকতার মহোদয়ের সভাপতিত্বে ০৬-০৬-২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে ইনোভেশন কমিটির ২০২২-২৩ অর্থ বছরের ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২। ইনোভেশন টিমের সভাপতি ও উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন কমিটির সদস্য ও সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ হাসান মাহমুদ সভায় ইনোভেশন কমিটির ৫ম সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করেন। তিনি মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এবং ২০২৩-২৪ সভায় উপস্থাপন করেন এবং নির্দেশিকা মোতাবেক করণীয় বিষয়সমূহ এবং সে অনুযায়ী অত্র ব্যাংকের বর্তমান অবস্থা সভায় উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে অদ্যকার সভায় বিশদ আলোচনা পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচনার বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১ | ২০২২-২৩ অর্থ-বছরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন | বিগত ০৩-০৫-২০২৩ তারিখ ২০২২-২৩ অর্থবছরে চূড়ান্তভাবে বাস্তবায়ন সংক্রান্ত দুটি অফিস আদেশ জারীর মাধ্যমে অত্র ব্যাংকে AVUB Archival System ও Easy Balancing উদ্ভাবনী ধারনা দু'টি ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়। Easy Balancing সফট্ওয়্যারটি প্রাথমিকভাবে কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক ও কুষ্টিয়া অঞ্চলের আওতাধীন মেহেরপুর, মহেশপুর, মিরপুর, কুমারখালী, ভেড়ামারা, কালীগঞ্জ শাখার ব্যবস্থাপকবৃন্দ ও ব্যাংকের নির্বাহীবৃন্দের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়েছে। এমতাবস্থায়, বর্ণিত ৬টি শাখার শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা/উভয়ই ও কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কে Easy Balancing মডিউল সংক্রান্ত ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান ও মডিউলটির মূল্যায়ন বিষয়ে আলোচনা হয়। | • কুষ্টিয়া অঞ্চলের সংশ্লিষ্ট ৬টি শাখার শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা/উভয়ই ও কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কে নিয়ে Easy Balancing মডিউল সংক্রান্ত ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান ও মডিউলটির মূল্যায়ন বিষয়ে আগামী ২৬-০৬-২০২৩ তারিখের মধ্যে একদিন ব্যাপি একটি প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংক্রান্ত ডকুমেন্টস ও তথ্যসহ (সম্ভাব্য সময়, সেশন প্ল্যান, রিসোর্স পারসন, প্রাক্কলিত বাজেট ইত্যাদি) ট্রেনিং ইনস্টিটিউট ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ট্রেনিং ইনস্টিটিউট ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ |
| ২ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় অত্র ব্যাংকের উপযোগী করে প্রণিত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম/লক্ষ্যসমূহের উপর বিশদ আলোচনা-পর্যালোচনা করা হয়। আলোচনায় পরিলক্ষিত হয় কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অন্তর্গত ১০(দশ)টি কার্যক্রম/লক্ষ্যসমূহের সময়ভিত্তিক কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। লক্ষ্যমাত্রা মাফিক কার্যক্রম/লক্ষ্যসমূহ অর্জিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>এছাড়া অত্র ব্যাংকের চট্টগ্রাম অঞ্চল সংশ্লিষ্ট ১০টি শাখার শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা ও চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কে নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ও ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | অত্র ব্যাংকের চট্টগ্রাম অঞ্চল সংশ্লিষ্ট ১০টি শাখার শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা/উভয়ই ও চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কে নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ও ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আগামী ২৬-০৬-২০২৩ তারিখের মধ্যে এক দিন ব্যাপি একটি প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করার নিমিত্তে ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস ও তথ্যসহ (সম্ভাব্য সময়, সেশন প্ল্যান, রিসোর্স পারসন, প্রাক্কলিত বাজেট ইত্যাদি) ট্রেনিং ইনস্টিটিউট ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ট্রেনিং ইনস্টিটিউট ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় প্রসঙ্গে | ২০২২-২০২৩ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন খাতে অত্র ব্যাংকের সংশোধিত বরাদ্দ ০৬.০০(ছয়) লক্ষ টাকা নির্ধারিত সময়ের মধ্যে ব্যয় করার জন্য বিভিন্ন সম্ভাব্যতা নিয়ে আলোচনা-পর্যালোচনা করা হয়। আলোচনায় পরিলক্ষিত হয় যে, মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.২.২ এ সর্বোচ্চ স্কোর অর্জনের জন্য ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে ০৬.০০(ছয়) লক্ষ টাকা এর ৮০% অর্থাৎ ৪.৮ (চার দশমিক আট) লক্ষ টাকা আবশ্যিকভাবে ব্যয় সম্পাদন করতে হবে।<br><br>আলোচনায় পরিলক্ষিত হয় যে, হিসাব কোড নম্বর ৯৯১৪০১০১ (উদ্ভাবনী/ইনোভেশন প্রশিক্ষণ দেশে) এর বাজেট ২.৫০ লক্ষ টাকা এর বিপরীতে ১.৩৭ লক্ষ টাকা এবং হিসাব কোড নম্বর ৯৯১৪০১০৪ (উদ্ভাবনী/ইনোভেশন পুরস্কার ব্যয়) এর বাজেট ৩.৫০ লক্ষ টাকা এর বিপরীতে কোনরূপ ব্যয় সংগঠিত হয়নি। অর্থাৎ হিসাব কোড নম্বর ৯৯১৪০১০১ এ বাজেট উদ্বৃত্ত ২.৫০-১.৩৭=১.১৩ লক্ষ টাকা এবং ৯৯১৪০১০৪ এ বাজেট উদ্বৃত্ত ৩.৫০ লক্ষ টাকা বিদ্যমান রয়েছে। এমতাবস্থায়, ৬.০০ এর ৮০% অর্থাৎ ৪.৮০ লক্ষ টাকা ব্যয় সম্পাদন এর নিমিত্তে সর্বমোট বাজেট উদ্বৃত্ত ১.১৩+৩.৫০=৪.৬৩ লক্ষ টাকা হতে ৩.৪৩ লক্ষ টাকা বা অধিক ব্যয় নির্বাহ করা যেতে পারে। | • কুষ্টিয়া অঞ্চলের সংশ্লিষ্ট ৬টি শাখার শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা/উভয়ই ও কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কে নিয়ে Easy Balancing মডিউল সংক্রান্ত একদিন ব্যাপি ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান ও মূল্যায়ন সম্পর্কিত সকল ব্যয় সমূহ হিসাব কোড নম্বর ৯৯১৪০১০১ হতে নির্বাহ করতে হবে।<br>• অত্র ব্যাংকের চট্টগ্রাম অঞ্চল সংশ্লিষ্ট ১০টি শাখার শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা/উভয়ই ও চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কে নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ও ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান সম্পর্কিত সকল ব্যয় সমূহ হিসাব কোড নম্বর ৯৯১৪০১০১ হতে নির্বাহ করতে হবে।<br>• এছাড়া নিম্নোক্ত তিনটি ধাপে AVUB Archival System ও Easy Balancing উদ্ভাবনী ধারনা দু'টির সাথে সম্পর্কিত ধারণা প্রদানকারী- ০২ (দুই) জন, বাস্তবায়নকারী- ০২ (দুই) জন ও মেন্টর-০২ (দুই) জনকে ইনোভেশন পুরস্কার প্রদান করার সুপারিশ করা হলো। এ সম্পর্কিত সকল ব্যয় সমূহ হিসাব কোড নম্বর ৯৯১৪০১০৪ হতে নির্বাহ করতে হবে।<br><br>**(১) উদ্ভাবনী ধারণা প্রদানকারী-** মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ (ধারণা প্রদান ও প্রস্তুতকারী-AVUB Archival System) এবং মোঃ আব্দুল লতিফ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, কেন্দ্রীয় হিসাব বিভাগ (ধারণা প্রদানকারী-Easy Balancing) কে ১ম ধাপে সর্বশেষ মে-২০২৩ এ আহরিত মূল বেতনের ৮০% এর সমপরিমাণ অর্থ এবং সনদ ইনোভেশন পুরস্কার হিসেবে প্রদান করার সুপারিশ করা হলো।<br><br>**(২) উদ্ভাবনী ধারণা Easy Balancing এর বাস্তবায়নকারী ও মেন্টর-**<br>তৌহিদ মোহাম্মদ শোয়েব, প্রোগ্রামার, আইসিটি বিভাগ এবং এবং জেড. এম. হাফিজুর রহমান, মহাব্যবস্থাপক, অপারেশন, নিরীক্ষা ও পরিদর্শন মহাবিভাগ কে ২য় ধাপে সর্বশেষ মে-২০২৩ এ আহরিত মূল বেতনের ৮০% এর সমপরিমাণ অর্থ এবং সনদ ইনোভেশন পুরস্কার হিসেবে প্রদান করার সুপারিশ করা হলো।<br><br>**(৩) উদ্ভাবনী ধারণা AVUB Archival System এর বাস্তবায়নকারী ও মেন্টর-**<br>মোঃ সাজ্জাদ হোসেইন তামিম, প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ এবং বাদল চন্দ্র দেবনাথ, উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রীম বিভাগ ও সচিব, পরিচালনা বোর্ড কে ৩য় ধাপে সর্বশেষ মে-২০২৩ এ আহরিত মূল বেতনের ৮০% এর সমপরিমাণ অর্থ এবং সনদ ইনোভেশন পুরস্কার হিসেবে প্রদান করার সুপারিশ করা হলো। | আইসিটি বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | ২০২৩-২০২৪ অর্থ-বছরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন | **মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪** মোতাবেক ব্যাংকের সার্বিক কার্যক্রম আধুনিকায়ন, গতিশীল, সহজিকরণ ও গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিগত বছরের ন্যায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহ সহজিকরণ /ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্দেশ্যে উদ্ভাবনী ধারণা আহবান করতে হবে। এলক্ষ্যে ব্যাংকের সকল কার্যালয় ও শাখা বরাবরে উদ্ভাবনী ধারণা আহ্বান করে পত্র প্রেরণ করার ব্যাপারে আলোচনা করা হয়। | • **২০২৩-২৪ অর্থ বছরে চূড়ান্তভাবে বাস্তবায়ন এর জন্য** আগামী ১০-০৮-২০২৩ তারিখের মধ্যে ব্যাংকের সকল কার্যালয় ও শাখা হতে উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ করার জন্য পত্র প্রেরণ করতে হবে। | আইসিটি বিভাগ |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

06/06/23
**মোঃ সাজ্জাদ হোসেইন তামিম**
প্রিন্সিপাল অফিসার
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

**তৌহিদ মোহাম্মদ শোয়েব**
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

০৬/০৬/২০২৩
**মোঃ আব্দুল লতিফ**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

**মোহাম্মদ হাসান মাহমুদ**
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

০৬.০৬.২০২৩
**বাদল চন্দ্র দেবনাথ**
উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রীম বিভাগ ও
সচিব, পরিচালনা বোর্ড

**জেড. এম হাফিজুর রহমান**
মহাব্যবস্থাপক
অপারেশন,নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

০৬/০৬/২০২৩
**পারভীন আকতার**
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার

**সূত্র নং- ১/২২/১১৩/** ৮৩৯৪ **তারিখঃ ০৬-০৬-২০২৩**

**বিতরন:-**
১। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (অপারেশন, হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সচিব, পরিচালনা বোর্ড, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। জনাব মোঃ আব্দুল লতিফ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, কেন্দ্রীয় হিসাব বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। জনাব মোঃ সাজ্জাদ হোসেইন তামিম, প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি: -**
১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।